

# যুগান্তর

## বেরোবিতে পূর্ণাঙ্গ কমিটি নেই ছাত্রলীগের

ক্ষুন্ধ ত্যাগী ও পদবন্ধিতরা

১. রংপুর ব্যৱৰণ

১৯ অক্টোবৰ ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কমিটির মেয়াদ এক বছর। কিন্তু এরই মধ্যে আংশিক কমিটি এক বছর দুই মাস পার করে ফেলেছে। এরপরও কমিটি পূর্ণাঙ্গ করতে পারেননি সভাপতি ও সাধারণ সম্পাদক। এদিকে এ সময়ের মধ্যে ছাত্রলীগের অনেক কর্মীর ছাত্রত্ব শেষ হয়ে গেছে পদ-পদবি পাওয়া ছাড়াই। অনেকের যায় যায় অবস্থা। এ কারণে ক্ষুন্ধ কর্মীরা দ্রুত বর্তমান কমিটি বাতিল করে নতুন কমিটি দেওয়ার দাবি জানিয়েছেন। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক কর্মী জানান, তারা অনেকে ৫-৬ বছর ধরে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের রাজনীতি করছেন। কিন্তু আজও কোনো পদ পাননি। অনেকেরই বিশ্ববিদ্যালয়ের পড়ালেখা ও ছাত্রত্ব শেষ হওয়ার পথে। এ কারণে অনেকেই হতাশ।

জানতে চাইলে এই শাখার সভাপতি পোমেল বড়ুয়া বলেন, পূর্ণাঙ্গ কমিটি না হওয়ার ব্যর্থতার দায় আমরা নিছি না। কারণ সামনে নির্বাচন। কমিটিতে যেন স্বাধীনতাবিরোধী অপশক্তি চুক্তে না পারে, সেজন্য সতর্কতা অবলম্বন করছি। যারা কমিটিতে আসবেন, তাদের পারিবারিক অবস্থা পুঞ্জানুপুঞ্জভাবে যাচাই করা হচ্ছে। এ কারণে একটু সময় লাগছে। আমারা সিভি জমা নিয়েছি। প্রায় সব রেডি। কেন্দ্রে কমিটির লিস্ট জমা দিলে পূর্ণাঙ্গ কমিটি পেয়ে যাব। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. মাহফুজুর রহমান শামীম জানান, কেন্দ্রীয় সম্মেলনের পর আমাদের পূর্ণাঙ্গ কমিটি হওয়ার কথা ছিল। যাদের নিয়ে কমিটি গঠন করব, তাদের জীবনবৃত্তান্ত (সিভি) জমা নেওয়া হয়েছে, সিভি যাচাই-বাচাই চলছে। হট করে তো কাউকে কমিটিতে নিয়ে আসা যায় না। যাচাই-বাচাই প্রায় শেষ। আশা করছি চলতি মাসের মধ্যেই পূর্ণাঙ্গ কমিটি চলে আসবে।

উল্লেখ্য, ২০২২ সালের ৩১ জুলাই পোমেল বড়ুয়াকে সভাপতি ও মাহফুজুর রহমান শামীমকে সাধারণ সম্পাদক করে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কমিটি ঘোষণা করা হয়।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,

ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

